

শনিবার
২ নভেম্বর ২০২৪
১৭ কার্তিক ১৪৩১
www.manobkantha.com.bd

জ্ঞানের জন্ম পণ্ডিতের
মানবকণ্ঠ

উচ্চশিক্ষায় আগ্রহী শিক্ষার্থীদের নিয়ে শিক্ষামেলা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

দেশের শিক্ষার্থী জনগোষ্ঠীর শিক্ষাগত ভবিষ্যতের চাহিদা পূরণ করতে বিদেশে উচ্চশিক্ষায় আগ্রহী শিক্ষার্থীদের জন্য অনুষ্ঠিত হচ্ছে মাই ইউনি অ্যাব্রোড এডুকেশন এক্সপো-২০২৪। গতকাল শুক্রবার হোটেল সারিনায় আয়োজিত মেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির অধ্যাপক ও উপাচার্য ড. আব্দুল হান্নান চৌধুরী। দুদিনব্যাপী এ মেলা চলবে শনিবার পর্যন্ত। মেলায় আসা শিক্ষার্থীদের জন্য রয়েছে যুক্তরাজ্য, মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা, অস্ট্রেলিয়া, মালয়েশিয়া, দুবাই, জাপান, সুইডেন, দক্ষিণ কোরিয়া, ভারতসহ বিশ্বের বিভিন্ন দেশের ইউনিভার্সিটির প্রতিনিধি ও ১০টি এডুকেশন কনসালটেন্সির সঙ্গে সরাসরি কথা বলার সুযোগ।

আয়োজকরা জানান, শিক্ষামেলাটি বিদেশে উচ্চশিক্ষায় আগ্রহী শিক্ষার্থী ও অভিভাবকদের জন্য উন্মুক্ত থাকবে। যুক্তরাজ্য, মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা, অস্ট্রেলিয়া, মালয়েশিয়া, দুবাই, জাপান, সুইডেন, দক্ষিণ কোরিয়া, ভারতসহ বিশ্বের নানা দেশে উচ্চশিক্ষায় আগ্রহী শিক্ষার্থীদের জন্য এই মেলায় থাকবে বিভিন্ন সুযোগ-সুবিধা। অংশগ্রহণকারীরা স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাবৃত্তিসহ বিভিন্ন বিষয়ে পড়াশোনা করার সুযোগ এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য সুযোগ-সুবিধা সম্পর্কে জানতে পারছেন।

